

তেজগাঁও বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষের পদ নিয়ে লড়াই

বিশ্ববিদ্যালয়, রিপোর্টার ৯ রাজধানীর অন্যতম বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান তেজগাঁও বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষের পদ নিয়ে এখন লড়াই শুরু হয়েছে। কলেজের অধ্যক্ষ পদ থেকে সাময়িকভাবে সাসপেন্ড করা আব্দুর রশীদকে বাদ দিয়ে কলেজের সাবেক অধ্যক্ষ তোফায়েল আহমদকে কলেজের অধ্যক্ষ হিসাবে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হয়েছে।

জানা গেছে, ২০০২ সালের জুলাই মাসে কলেজের অধ্যক্ষ আব্দুর রশীদকে কলেজের অধ্যক্ষ পদ থেকে সাময়িকভাবে সাসপেন্ড করা হয়। তার পর এ নিয়ে একটি তদন্ত কমিটিও গঠন করা হয়। পাশাপাশি আব্দুর রশীদ আদালতে মামলা করেন। এ অবস্থায় তাঁর স্থলে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব নেন কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক হারুন অর রশীদ পাঠান। কিন্তু তাঁর দায়িত্বে আসার পর কলেজের তেমন

উন্নতি হয়নি। এ কারণে কলেজের গবর্নিং কমিটি তাঁকে বাদ দিয়ে নতুন অধ্যক্ষ নিয়োগের চিন্তা করতে থাকে। অবশেষে মঙ্গলবার তোফায়েল আহমদকে অধ্যক্ষ হিসাবে নিয়োগ দেয়া হয়। প্রসঙ্গত তোফায়েল আহমদের চাকরির মেয়াদ অনেক আগেই শেষ হয়েছে।

একটি সূত্র থেকে জানা গেছে, নতুন অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত তোফায়েল আহমদই অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য অধ্যাপক হারুন অর রশীদ এখনও অধ্যক্ষের বেতন পাচ্ছেন। তবে মূল বেতনের অর্ধেক পাচ্ছেন।

এদিকে এই পদটি নিয়ে এখন নানা ধরনের লড়াই শুরু হয়েছে। তোফায়েল আহমদ অধ্যক্ষ হিসাবে নিয়োগ পাওয়ায় তেজগাঁও কলেজ শিক্ষক পরিষদের নেতৃবৃন্দ তাঁকে অভিনন্দন জানিয়েছেন।